

জৰুৰী তথ্য সংগ্ৰহৰ
উদ্দেশ্যে ইন্টাৰনেটে বিভিন্ন
তথ্য খুঁজে নেওয়ার পদ্ধতি
এবং সেগুলোর ব্যবহার



Digital
Literacy
Center



তুই কী
ফ্রি আছিস?

হ্যাঁ, কোনো প্রয়োজন?

আমার
বাংলাদেশের শেয়ার
মার্কেটের বর্তমান
অবস্থা জানাপ্রয়োজন।

তো সেটা আমাকে না বলে
ইন্টারনেটকে বললেই তো হয়।

সেটা তো জানি,
কিন্তু আমি চাই বাংলাদেশের
শেয়ার মার্কেটের খবর। অথচ
আমাকে পুরো বিশ্বের
খবর দিচ্ছে।

ও বুঝেছি, শোনো ভাইয়া সার্চ ইঞ্জিন
ব্যবহার করে ইন্টারনেট থেকে বিভিন্নভাবে
প্রয়োজনীয় তথ্য খুঁজে নেয়া যায়।

সরাসরি এড্রেস লিখে কাজিফত ওয়েবসাইট
থেকে তথ্য জানা যায় আর নির্দিষ্ট এড্রেস
জানা না থাকলে সাধারণত সার্চ ইঞ্জিন
ব্যবহার করে তথ্য সংগ্রহ করা যায়।

সার্চ ইঞ্জিনের মাধ্যমে নির্দিষ্ট এড্রেস না
জেনেও অনেক সহজেই প্রয়োজনীয় তথ্য
বা ওয়েবসাইট খুঁজে পাওয়া যায়।

সে সহজ
উপায়টাই জানতে
চাচ্ছি।

আচ্ছা বলছি কম সময়ে দ্রুত এবং সহজে
কীভাবে তথ্য খুঁজে নেওয়া যায় সে বিষয়ে
গুগলের কিছু নিয়ম আছে। সেটি মেনে তথ্য
খুঁজলে কাজটা সহজ হয়।

অপ্রয়োজনীয় তথ্য বাদ দিয়ে সার্চকে আরও সুনির্দিষ্ট
করার জন্য অ্যাডভান্সড সার্চ টুলস রয়েছে। অ্যাকটিভ
করার জন্য অ্যাডভান্সড সার্চ অপশনে ক্লিক করে
প্রয়োজনীয় অ্যাডভান্সড সার্চ অপশন সিলেক্ট করা যায়।

অ্যাডভান্সড
সার্চ অপশন
গুলো কী?

অ্যাডভান্সড সার্চ অপশন গুলোর
প্রথমটি ডাবল কোটেশন (" ") ব্যবহার।
ডাবল কোটেশন ব্যবহার করে
সুনির্দিষ্টভাবে সার্চ করার জন্য যে বিষয়
সম্পর্কে সার্চ করা প্রয়োজন সেই বিষয়টি
লিখে ডাবল কোটেশনের মধ্যে রেখে সার্চ
করলে সার্চ ইঞ্জিন কোটেশনের পুরো
লাইন বা অংশকে খুঁজবে।

তারপর দ্বিতীয়টি হলো প্লাস (+) এর ব্যবহার।
কোনো বিষয়ের সঙ্গে প্রাসঙ্গিক অন্য কোনো বিষয়ের
তথ্য পাওয়ার জন্য প্লাস (+) চিহ্ন ব্যবহার করা হয়।

এই নিয়মগুলো
পছন্দ হয়েছে।
আরও আছে?

হ্যাঁ, এছাড়া তুমি নির্দিষ্ট কোনো সাইট থেকে তথ্য
খুঁজে নিতে তোমাকে site: সংকেত লিখতে হবে।

যেমন site:reddit.com লিখে সার্চ
করলে এই ওয়েবসাইটের তথ্যের মাঝে
সার্চ রেজাল্ট আসবে।

একইভাবে কোন শব্দ ওয়েবের কোন
কোন ওয়েবসাইটে আছে সেটি খুঁজে
নিতে related: ব্যবহার করা যায়।

সার্চ করার পর রেজাল্টের লিস্ট থেকে পছন্দনীয় ওয়েবসাইট
ব্যবহার করে তথ্য নেয়া যায়। এরকম ক্ষেত্রে রেজাল্টে প্রথম
সারিতে থাকা ওয়েবসাইটগুলো বেশি তথ্যবহুল হয়।

বুঝেছি।
তোকে অনেক ধন্যবাদ।
পরে কথা বলবো।
ঠিক আছে? এখন যাই

এইযে কাজ শেষ হলে কেউ
থাকে না। আমাকে খাওয়াতে
হবে বলে দিলাম কিন্তু।